দৈনিক ইত্তেফাক

তারিখ 15 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...

# স্কুলে কম্পিউটারের মাধ্যমে ছাত্র ভর্তি

॥ গিয়াস উদ্দিন আহমদ ॥

আগামী বৎসর হইতে ঢাকা মহানগরীর সরকারী-প্রাইমারী স্কুল ও হাইস্কুলে ছাত্র ভর্তির ব্যবস্থা কম্পিউটারের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হইবে।

আগামী মাসের মধ্যেই মহানগরীর বিভিন্ন স্কুলের বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণার কাজ শেষ হইয়া যাইবে। অভিভাবকরা তাহাদের ছেলেমেয়েদের পছন্দমত

(৭ম পৃ: দ্র:)

## ছাত্র ভর্তি

(১ম পৃষ্ঠার পর)

স্কুলে ভর্তি করানোর জন্য এখন হইতে দুর্ভাবনায় পড়িয়াছেন।

শিক্ষা মন্ত্রণালয় এ অবস্থার কথা চিন্তা করিয়া আগামী জানুয়ারী মাসের প্রথমদিকে একই দিনে একই প্রশ্নমালার মাধ্যমে ভর্তি পরীক্ষা নেওয়ার চিন্তা করিতেছে। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী অথবা তাহাদের অভিভাবকরা যাহাতে নিজেদের পছন্দ মত পর্যায়ক্রমে তিনটি স্কুলের যে-কোন একটিতে ভর্তি করাইতে পারে, এবারের ভর্তি পরীক্ষায় সেই ব্যবস্থা রাখা হইতেছে।

মহানগরীতে ২৩টি সরকারী হাইস্কুল রহিয়াছে। তন্মধ্যে ১৫টি ছেলেদের ও ৮টি মেয়েদের। ইহাছাড়া, হাইস্কুলের পাশাপাশি কিছুসংখ্যক সরকারী প্রাইমারী স্কুলও রহিয়াছে। ডিসেম্বর মাসে বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণার পর কত সিট শূন্য হইবে, উহার তালিকা প্রণয়ন করা হইবে। শূন্য সিটের তালিকা অনুযায়ী ভর্তি পরীক্ষায় যাহারা ভাল করিবে, তাহাদের জন্য একটি মূল তালিকা প্রণয়ন করা হইবে। মূল তালিকার পরও একটি 'ওয়েটিং লিষ্ট' প্রণয়ন করিয়া কম্পিউটারে দিয়া রাখা হইবে। কোন ছাত্র-ছাত্রী ভর্তি না হইলে অথবা স্কুল ছাড়িয়া গেলে পর্যায়ক্রমে ওয়েটিং লিষ্ট হইতে যাহাতে ভর্তি করা যাইতে পারে, সেই ব্যবস্থা রাখা হইতেছে।

এ ব্যাপারে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সহিত যোগাযোগ করা হইলে তিনি বলেন, ছাত্র ভর্তির ব্যাপারে বিভিন্ন সমস্যার কথা চিন্তা করিয়া সরকার এই প্রথমবারের মত কম্পিউটারের মাধ্যমে সিট বরাদ্দের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। কোন স্কুল কর্তৃপক্ষ যাহাতে নিজেদের ইচ্ছামত ছাত্র ভর্তি করিতে না পারে এবং ভর্তির ব্যাপারে যাহাতে কেহ কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করিতে না পারে, সেইজন্যও এই ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। কমপিউটারের মাধ্যমে সিট বরাদ্দের ব্যাপারে ভর্তি পরীক্ষার দরখাস্ত ফর্মও নূতন করিয়া করার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। তিনি বলেন, এবার হইতে স্কুলে ভর্তির ব্যাপারে মন্ত্রী, সচিব শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা অথবা স্কুলের প্রধান শিক্ষক-শিক্ষয়িত্রী অথবা কমিটির জন্য কোন সিট রিজার্ভ রাখা হইবে না।